

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ  
আইন শাখা-১  
পরিবহণ পুল ভবন (কক্ষ নং-৯১২)  
সচিবালয় লিংক রোড, ঢাকা।  
www.tmed.gov.bd

পত্র সংখ্যা-৫৭.০০.০০০০.০৪৬.০৪.০৫২.১৯-৩৫৫

তারিখঃ ৩১ আষাঢ় ১৪২৬  
১৫ জুলাই ২০১৯

বিষয়ঃ রিট পিটিশন নং-১০৯৬/২০১৯ মামলার বিষয়ে আইনানুগ পদক্ষেপ গ্রহণসহ গৃহীত ব্যবস্থা সম্পর্কে এ বিভাগকে অবহিতকরণ সংক্রান্ত।

সূত্রঃ মাননীয় উচ্চ আদালত হতে প্রাপ্ত রিট পিটিশন নং-১০৯৬/২০১৯ মামলার রুলনিশি ও আর্জির কপি।

উপর্যুক্ত বিষয়ে সূত্রের মাধ্যমে মাননীয় উচ্চ আদালত হতে প্রাপ্ত রিট পিটিশন নং-১০৯৬/২০১৯ মামলার বিবরণ নিম্নরূপঃ

রিট পিটিশন নং	পিটিশনার	রেসপনডেন্ট	মামলা দায়েরের কারণ/বিষয়
১০৯৬/২০১৯	মোহাম্মৎ রোকেয়া খাতুন, সহকারী শিক্ষক- ভাষা (বাংলা/ইংরেজি), বরমহাটি সমবায় হাইস্কুল (ভোকেশনাল শাখা), উপজেলা- লালপুর, জেলা- নাটোর।	সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, সচিব, অর্থ মন্ত্রণালয়, পরিচালক (ভোকেশনাল) ও আরো অন্যান্যসহ মোট ০৭ (সাত) জন।	নাটোর জেলার লালপুর উপজেলাধীন বরমহাটি সমবায় উচ্চ বিদ্যালয়ের ভোকেশনাল শাখার সহকারী শিক্ষক- ভাষা (বাংলা/ইংরেজি) জনাব মোহাম্মদ রোকেয়া বেগম-এর নিবন্ধন না থাকায় জালিয়াতির মাধ্যমে এমপিওভুক্ত হওয়ায় (আরো অন্যান্যদের সাথে এমপিওভুক্ত) তার এমপিও বাতিল করে ডিটিই হতে ১৮/১১/২০১৮ তারিখে ৫৭.০৩.০০০০.০২৮.২৭.০০১.১৭-১০২২ সংখ্যক স্মারকে অফিস আদেশ জারি করা হয়। উক্ত স্মারকের বিরুদ্ধে সংক্ষুব্ধ হয়ে সহকারী শিক্ষক- ভাষা (বাংলা/ইংরেজি) জনাব মোহাম্মৎ রোকেয়া বেগম মাননীয় উচ্চ আদালতে রিট পিটিশন নং-১০৯৬/২০১৯ মামলা দায়ের করা হয়।

০২। উল্লেখ্য গত ০৩/০২/২০১৯ তারিখে মাননীয় আদালত কর্তৃক শুনানী অনিষ্পন্ন রেখে পিটিশনার এর এমপিও বাতিলকরণ সংক্রান্ত ডিটিই কর্তৃক জারিকৃত ১৮/১১/২০১৮ তারিখের ১০২২ সংখ্যক স্মারকের কার্যক্রম কেন বেআইনী ঘোষণা করা হবেনা; সে মর্মে ০৩/০৩/২০১৯ তারিখ অথবা উক্ত তারিখের পূর্বে কারণ দর্শানোর জন্য প্রতিপক্ষগণের প্রতি নির্দেশনা প্রদান করা হয়েছিল। একইসাথে উক্ত স্মারকের কার্যক্রম আদেশ জারি তারিখ হতে ০৬ (ছয়) মাস স্থগিত রাখার নির্দেশনা পরিচালক (ভোকেশনাল), ডিটিই (৩ নং রেসপনডেন্ট) এর প্রতি এক অন্তর্বর্তীকালীন আদেশ দেয়া হয়।

০৩। উপরিউক্ত নির্দেশনামতে ব্যবস্থা গ্রহণপূর্বক রিট মামলায় সরকার পক্ষে জবাব (Affidavit in Opposition) দাখিল হয়েছে কিনা? হয়ে থাকলে মামলার সর্বশেষ অবস্থা কি? জবাব দাখিল না হয়ে থাকলে জরুরিভিত্তিতে মহামান্য আদালতে জবাব (Affidavit in Opposition) দাখিলের ব্যবস্থা গ্রহণক্রমে এ বিভাগকে অবহিত করা আবশ্যিক।

০৪। এমতাবস্থায়, রিট পিটিশন নং- ১০৯৬/২০১৯ মামলার বিষয়ে সরকার পক্ষে জবাব (Affidavit in Opposition) দাখিল করা হয়ে থাকলে এর সর্বশেষ অবস্থা এবং জবাব (Affidavit in Opposition) দাখিল না করা হয়ে থাকলে জরুরিভিত্তিতে মাননীয় আদালতে জবাব (Affidavit in Opposition) দাখিলক্রমে গৃহীত ব্যবস্থা সম্পর্কে আগামী ৩০/০৭/২০১৯ খ্রি: এর মধ্যে এ বিভাগকে অবহিত (প্রমাণকসহ) করার জন্য নির্দেশক্রমে মহোদয়কে অনুরোধ করা হলো।

মো: আ: খালেক মিঞা  
সিনিয়র সহকারী সচিব (আইন)

মহাপরিচালক  
কারিগরি শিক্ষা অধিদপ্তর  
এফ-৪/বি, আগারগাঁও, ঢাকা।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে:

- ১। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ২। সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৩। অতিরিক্ত সচিব (কারিগরি) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
- ৪। যুগ্মসচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
- ৫। অফিস কপি/মাস্টার কপি।